



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: 49272040; Fax: 88-02-49272000; E-mail: brrihq@yahoo.com, dg@brrri.gov.bd
Website: www.brrri.gov.bd

পত্র নং- টি- ৩২১/১৫/৪৪৬৬

তারিখ: ৩১/০৭/২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ত্রি-তে বাস্তবায়নধীন ৪ বছর মেয়াদি (০১/১২/২০১৯ থেকে ৩১/১২/২০২৩) Bill and Melinda Gates Foundation- এর আর্থিক সহায়তায় “Transforming rice breeding through capacity enhancement of BRRRI (TRB-BRRRI) Second Phase” প্রকল্পে প্রকল্প প্রস্তাব অনুযায়ী বিভিন্ন গবেষণা বিভাগ ও আঞ্চলিক কার্যালয়ে বৈজ্ঞানিক সহকারী পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্র. নং	পদের নাম ও সাকুল্যে বেতন	পদের সংখ্যা	০১/০৮/২০২২ তারিখে সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১	বৈজ্ঞানিক সহকারী- উদ্ভিদ রোগতত্ত্ব (টেকনিশিয়ান-১); সাকুল্যে বেতন- ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র); বছরে সাকুল্যে বেতনের সমপরিমাণ দুইটি উৎসব ভাতা এবং সাকুল্যে বেতনের শতকরা ২০ ভাগের সমমান একটি বৈশাখী ভাতা	১(এক)টি	৩০ বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যান্য ৩(তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যান্য দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।

নিয়োগের শর্তাবলী:

- প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল/টেলিফোন নম্বর (যদি থাকে), জন্ম তারিখ, ০১-০৮-২০২২ তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, পরীক্ষা পাশের বিভাগ/শ্রেণি/জিপিএ, বৎসর উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আবেদন করিতে হইবে। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিজ জেলা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ও প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঞ্জিন ছবিসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিয়া দিতে হইবে।
- আবেদনকারীর বয়স ০১-০৮-২০২২ খ্রি. তারিখে ১৮ হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে শর্ত থাকে যে, অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- এ প্রকল্পের সকল পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী এবং পরবর্তীতে কোন অবস্থাতেই রাজস্ব খাতে স্থানান্তরযোগ্য নহে।
- আবেদনপত্রে ও খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
- পরীক্ষার ফি বাবদ মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) গাজীপুর এর অনুকূলে অফেরৎযোগ্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক এর যে কোন শাখা হইতে) আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।
- নিয়োগ পরীক্ষা মৌখিক/ব্যবহারিকভাবে গ্রহণ করা হইবে।
- সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- আবেদনপত্রের অন্তিম কপির ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হইবে না। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক অথবা ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হইবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ ত্রি-সদর দপ্তর এবং ইহার অধীনস্থ যেকোন আঞ্চলিক কার্যালয়ে চাকরি করিতে হইবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত অথবা আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল করা হইবে।
- কোন প্রার্থী ভূয়া/জাল/প্রতারণামূলক কাগজ প্রদর্শন করিয়া নিয়োগ লাভ করিলে এবং পরবর্তীতে কর্তৃপক্ষের গোচরীভূত হইলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- আবেদনপত্র প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি), গাজীপুর-১৭০১ এর বরাবর আগামী ৩১-০৮-২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারে অবশ্যই পৌছাইতে হইবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করিতে পারিবেন।
- নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।


৩১.০৭.২০২২

(ড. কেএম ইফতেখারুদ্দৌলা)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান
উদ্ভিদ প্রজনন বিভাগ
ত্রি, গাজীপুর